উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মুলমন্ত্র

# ময়মনসিংহ পৌরসভা
## ময়মনসিংহ

স্থাপিতঃ-১৮৬৯ খ্রিঃ

(www.mymensinghmunicipality.gov.bd)

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
## নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্যবিবরনী

সভার স্থান ঃ শহীদ সাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ পৌরসভা।
সভাপতি ঃ জনাব মোঃ নজরুল ইসলাম প্যানেল মেয়র -২, ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ।
সভার তারিখ ঃ ২০/09/২০১৮ খ্রিঃ সময় ঃ ৩.০০ ঘটিকা।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য। সভার স্থির চিত্র ঃ পরিশিষ্ট - 'খ' দ্রষ্টব্য

**আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন**

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। কার্যবিবরণী পাঠ করেন জনাব এ.কে.এম. তারিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ পৌরসভা | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়। | কোন সংশোধনীর প্রয়োজন নেই। | সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**

**ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১. | ক) TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ | -বিগত ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখ TLCC পুনঃগঠন করা হয়েছে।<br>-বিগত ২৬/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান | পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী ময়মনসিংহ পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। অদ্য ২০/০৯/২০১৮ ইং তারিখে TLCC এর সভা করা হয়েছে এবং সভার কার্যবিবরনী তৈরী করে সকল সদস্যদের | - ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে ।<br>- TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য | সচিব/ বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | এর ১১৫ ধারা) | করা হয়েছিল ।<br><br>-সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMU তে নিয়মিত প্রেরণ করা হয় । | মধ্যে বিতরণ করা হয়েছে ও ০৫/১০/২০১৮ইং তারিখের মধ্যে PMU তে প্রেরণ করা হবে।<br>TLCC এর সদস্য সচিব ও অত্র পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা, জনাব এ.কে.এম. তারিকুল আলম, TLCC এর সকল সদস্যকে সভায় নিয়মিত উপস্থিত থেকে তাদের গুরুত্বপূর্ণ মতামত দেওয়ার জন্য অনুরোধ জানান। জনাব মোঃ নজরুল ইসলাম প্যানেল মেয়র -২, মেয়র মহোদয়ের অনুপস্থিতে সভায় সভাপতিত্ব করেন,তিনি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং UGIIP-III প্রকল্পের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সভাপতি মহোদয় সকলকে অনুরোধ জানান।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br><br>-পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>-সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMU তে প্রেরণ করা হবে । | ঐ |
| ২. | খ) WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | - ময়মনসিংহ পৌরসভার ২১ টি ওয়ার্ডে ২১ টি ওয়ার্ড কমিটি পুনঃগঠন করা হয়েছে এবং কমিটির কার্যপরিধি অনুয়ায়ী নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে । ওয়ার্ড কমিটি সমূহের অনুষ্ঠিত সভার সুপারিশ সমূহ অত্র সভায় উপস্থাপন ও বাস্তবায়নের সুপারিশ করা হয় এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব এ.কে.এম. তারিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ পৌরসভা বলেন পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে ওয়ার্ড কমিটির (WC) সভা পরিচালনার কাজ চলমান রাখা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর ২০১৮ ত্রৈমাসিকের ওয়ার্ড কমিটির (WC) সভা ০৯/০৯/১৮ইং তারিখ হতে ৩০/০৯/১৮ইং তারিখের মধ্যে সম্পন্ন করা হয়েছে এবং কার্যবিবরনী তৈরী করা হয়েছে। ওয়ার্ড কমিটির (WC ) সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো সমাধানের জন্য নগর সমন্বয় কমিটির (TLCC) সদস্যদের মধ্যে আলোচনা করেন।<br>তিনি আরও বলেন বিগত সভার কার্যবিবরনী তৈরী করে সভার ৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং কার্যবিবরনী ০৫/১০/২০১৮ইং তারিখে PMU তে ত্রৈমাসিক রিপোর্টের সাথে প্রেরণ করা হবে। | - বিভিন্ন ওয়র্ডের ওয়ার্ড কমিটির (WC) সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-পরবর্তী কোয়ার্টারে ওয়ার্ড কমিটির (WC) নারী ও দারিদ্র শ্রেনীর প্রতিনিধিসহ সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে ওয়ার্ড কমিটির (WC) এর সভা সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করেন ।<br>ওয়ার্ড কমিটির (WC) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMU তে প্রেরন করা হবে । | সচিব |
| ৩. | গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সেবা সম্পর্কে নাগরিকদের অবহিত করার জন্য পূর্বের প্রদর্শিত নাগরিক সনদ (Citizen Charter) হালনাগাদ করে পৌরসভার অফিসের সম্মুখ ছাড়াও পৌরসভার জনসম্মূখ আরো ৬টি গুরুত্বপূর্ন স্থানে স্থাপন করা হয়েছে। স্থান সমূহ: ১। বিপিন পার্কের সামনে ২। জিরো পয়েন্টে | - জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা, নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ পৌরসভা, সভার সকলের অবগতির জন্য বলেন, পৌরসভার অতি গুরুত্বপূর্ন স্থানগুলোতে নাগরিক সনদ (Citizen Charter) প্রদর্শিত করে নাগরিক সেবা সম্পর্কে নাগরিকদের অবহিত করা হয়েছে।<br>- নগর সমন্বয় কমিটিতে (TLCC) এর সদস্য জনাব উদ্দীন | পৌরসভার গুরুত্বপূর্ন স্থানে প্রদর্শিত নাগরিক সনদ (Citizen Charter) সম্পর্কে যাতে জনগণ অবহিত হতে পারে সেজন্য বিভিন্ন উঠান বৈঠক , সভায় এ বিষয়ে আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত | নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | ৩। র‌্যাব অফিস সংলগ্ন রাস্তার মোড় ৪। জয়নাল উদ্যানের প্রধান গেটের সামনে ৫। বাউন্ডারী রোড পূর্ব মোড়। ৬। চড়পাড়া টাইম স্কায়ার মোড় | আহম্মেদ মোসলে উদ্দিন আহমেদ বলেন , নাগরিক সেবা সম্পর্কে -নাগরিকদের অবহিত করার জন্য শহরের আরো গুরুত্বপূর্ন স্থানে নাগরিক সনদ(Citizen Charter) প্রদর্শন করা প্রয়োজন। | হয়।<br>- নাগরিক সেবা সম্পর্কে নাগরিকদের অবহিত করার জন্য শহরের আরো কিছু গুরুত্বপূর্ন স্থানে নাগরিক সনদ(Citizen Charter)<br>প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | |
| ৪. | ঘ) তথ্য ও অভিযোগ নিস্পত্তি সেল (GRC) গঠন ও কার্যকর রাখা) | তথ্য সেবাকেন্দ্রে নিয়মিত তথ্য সেবা দেয়া হয় এবং অভিযোগ নিস্পত্তি সেল (GRC) এর নিয়মিত সালিশ বৈঠক পরিচালনার মাধ্যমে অভিযোগ নিস্পত্তির কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | জুলাই /১৮ থেকে সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ২১টি ওয়ার্ড থেকে মোট ৪৩টি অভিযোগ পাওয়া গিয়েছে। তার মধ্যে ৩৫টি নিস্পত্তি হয়েছে এবং অন্য ৮টি অভিযোগ নিস্পত্তির প্রক্রিয়া চলমান রয়েছে। অভিযোগ নিস্পত্তি সেল (GRC) এর সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম , প্যানেল মেয়র-২ সভায় জানান অভিযোগ নিস্পত্তি সেল (GRC) নিয়মিতভাবে পৌর নাগরিকবৃন্দদের হতে প্রাপ্ত অভিযোগ সমূহ দ্রুততার সাথে সালিশ বৈঠক পরিচালনার মাধ্যমে অভিযোগ নিস্পত্তির উদ্যোগ নেওয়া হয়। | তথ্য সেবাকেন্দ্রে নিয়মিত তথ্যসেবা প্রদান ও অভিযোগ নিস্পত্তি সেল (GRC) নিয়মিত সালিশ বৈঠক পরিচালনার মাধ্যমে অভিযোগ নিস্পত্তির কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | গণযোগাযোগ কর্মকর্তা/প্রধান সহকারী |

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৫. | ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | ২০১৭-২০২২ সাল পর্যন্ত তৈরীকৃত GAP,PRAP, SIC ইত্যাদি সহ চলমান ও ভবিষ্যতে গ্রহণ করা হবে এমন সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্প PDP তে অন্তর্ভূক্ত করে পৌর পরিষদ কর্তৃক অনুমোদন পূর্বক PMU তে প্রেরণ করা হয়েছে। | ময়মনসিংহ পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) টি হালনাগাদ করে গত ২৬/০৬/১৮ তারিখের নগর সমন্বয় কমিটিতে (TLCC) জুলাই ১৮ ইং তারিখে পৌর পরিষদে অনুমোদিত হয়। তিনি আরও বলেন যে, বর্তমানে পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুসারেই পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। । | পরবর্তী সময়েও পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা/ নগর পরিকল্পনাবিদ/বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৬. | খ) উন্নয়ন কার্যক্রম | ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত এবং এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত | নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা সভাকে অবহিত করেন যে, ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের সভা অনুষ্ঠিত হয় এবং কার্যবিবরনী সহ ত্রৈমাসিক রিপোর্ট PMU তে প্রেরণ করা হয়। | গঠিত ইউনিটের আওতায় নির্বাহী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও কার্যবিবরনী সহ ত্রৈমাসিক | নির্বাহী প্রকৌশলী/নগর পরিকল্পনাবিদ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | নিয়ন্ত্রন | তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্তমান ত্রৈ-মাসিক এর নগর পরিকল্পনা ইউনিটের সভা গত ১৯/০৯/২০১৮খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়। | রিপোর্ট PMU তে প্রেরণ করা হবে। | |
| ৭. | গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী বার্ষিক O&M পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ময়মনসিংহ পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M খাতে ৭,০৫,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থবছরের জুলাই/১৮-সেপ্টেম্বর/১৮ ত্রৈমাসিক এর মধ্যে O&M কর্ম-পরিকল্পনার আওতায় ৪০ টি কার্যক্রম বাস্তবায়নের জন্য মোট ২,০১,৮৫,৩১২/- টাকা ব্যয় করা হয়েছে। জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা, নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ পৌরসভা জরুরী ভিত্তিতে যে সকল কাজ মেরামত করা প্রয়োজন সেগুলো মোবাইল মেইনটেনেন্স টিমের মাধ্যমে পরিদর্শন করে তাৎক্ষনিক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়ে আলোচনা করেন। | -২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী বার্ষিক O&M পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন এবং পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>মেরামতযোগ্য কাজগুলো জরুরী ভিত্তিতে মোবাইল মেইনটেনেন্স টিমের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্ত<br>ঐ |

**ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)**

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৮. | ক) জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | - পৌরসভার বাজেটে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষন, র‌্যালি, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>GAP, PDP (পৌরসভা ডেভেলপমেন্ট প্লান) তে অন্তর্ভূক্ত করে PMO তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>দরিদ্র নারীদের বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষনের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য | - নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য রোকেয়া হোসেন,সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৩,১৪,১৫ নং ওয়ার্ড বলেন, উক্ত কমিটির মাসিক সভাগুলো গত ১৬/০৭/১৮,১২/০৮/১৮,১৯/০৯/১৮ ইং তারিখে অনাষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন এবং নিয়মিত PMU 'তে প্রেরণের কাজ চলমান রাখা হয়েছে।<br>- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য ইসমত আরা বানু , সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৯,২০,২১ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র -৩ বলেন জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে জুলাই/১৮-সেপ্টেম্বর/১৮ইং ত্রৈমাসিকে নারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ২১টি ওয়ার্ডে মোট ৪২ টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে।<br>-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জামাল হোসেন রোজ, কাউন্সিলর ১৮ নং ওয়ার্ড বলেন,অত্র পৌরসভার নারীদের উন্নয়নের জন্য UGIIP-III প্রকল্পের নির্দেশনা মোতাবেক ৪ বছর মেয়াদী (২০১৮-২০১৯,২০১৯-২০২০,২০২০-২০২১,২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত) বিস্তারিত ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে | - পরবর্তী সময়েও জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী চলমান রাখার সিদ্ধান্ত হয়।<br>- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান (GAP) অনুমোদন ও পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য ইসমত আরা বানু ,সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৯,২০,২১ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-৩ জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি / সচিব/বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | ২০১৭-২০২২ সাল পর্যন্ত কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে যা গত TLCC সভায় অনুমোদন করা হয়েছে। এখন অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি সঠিকভাবে সম্পন্ন করা প্রয়োজন। জনাব এ.কে.এম. তারিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ পৌরসভা বলেন GAP এর আওতায় পৌরসভার নিজস্ব তহবিল থেকে মোট ৭৫ জন নারীকে কম্পিউটার প্রশিক্ষণ বর্তমানে চলমান আছে। NGO প্রতিনিধি জনাব শামীমা চৌধুরী সভাকে বলেন নারী উন্নয়নে দরিদ্র নারীদের জেন্ডার এ্যাকশন প্লান (GAP) অনুযায়ী আয় বর্ধকমূলক প্রশিক্ষনের ব্যবস্থা করা প্রয়োজন। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছলেমা আক্তার মর্জিনা বলেন যে প্রশিক্ষনের পাশাপাশি আয়বর্ধক কাজের জন্য পৌরসভা থেকে আর্থিক সহায়তা প্রদান করা প্রয়োজন। | জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) প্রণয়ন করা হয়েছে যা ১২/০৮/২০১৮ ইং তারিখে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় অনুমোদন করা হয়েছে। এখন অনুমোদিত জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) অনুযায়ী কার্যাদি সঠিকভাবে সম্পন্ন করার জন্য এবং পরিষদ সভায় উপস্থাপনের জন্য অত্র নগর সমন্বয় কমিটির (TLCC) সভায় অনুমোদন প্রয়োজন। - এ ব্যাপারে জনাব এ.কে.এম.তারিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ পৌরসভা বলেন ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব বাজেটে মোট ৭৭,০০,০০০/- বরাদ্দ রেখে জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) প্রণয়ন করা হয়েছে যা পরবর্তী অর্থ বছরে পর্যায়ক্রমে ৫% হারে বৃদ্ধিপ্রাপ্ত হবে।<br><br>- দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছলেমা আক্তার মর্জিনা বলেন পৌরসভার উদ্যোগে জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) এর আওতায় নারী উন্নয়নে যে আয়বর্ধকমূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহন করা হয়েছে তা খুবই প্রশংসনীয়।এর মাধ্যমে নারীদের কর্মসংস্থানের পাশাপাশি নারীর ক্ষমতায়ন বেড়েছে এবং অর্থনৈতিক কর্মকান্ডে নারীরা পূর্বের তুলনায় বেশী উৎসাহিত হচ্ছে। এ কার্যক্রম চলমান রাখা প্রয়োজন।<br>- নগর সমন্বয় কমিটির (TLCC) সম্মানিত সদস্য জাহানারা খানম সভায় বলেন অর্থনীতিতে নারীদের আরো সমৃদ্ধি বাড়ানার জন্য সময় উপযোগী ও বর্তমান বাজার উপযোগী বিষয়ের উপর প্রশিক্ষণে আগ্রহী করে তোলতে হবে । এর জন্য সকল সভা-সেমিনারগুলোতে নারীদের অংশগ্রহন নিশ্চিত করে তাদেরকে উৎসাহ প্রদান করা প্রয়োজন।<br><br>- TLCC এর সদস্য আসমা খাতুন অতিদরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবার কার্যক্রম পরিচালনার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। | কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে উদ্যোগ গ্রহন করবেন।<br>- UGIIP-III প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রণনয়নকৃত দীর্ঘমেয়াদী (২০১৮-২০১৯,২০১৯-২০২০,২০২০-২০২১,২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত) বিস্তারিত ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- জেন্ডার এ্যাকশন প্লান (GAP) এর আওতায় নারী উন্নয়নে বিভন্ন আয়বর্ধকমূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত নেয়া হয়<br>-পৌরসভা কর্তৃক পরিচালিত বিভিন্ন কমিটি যেমন- ওয়ার্ড কমিটির (WC) , স্থায়ী কমিটি (SIC) , বস্তি উন্নয়ন কমিটি (SIC) ,উঠান বৈঠক ও সকল সভায় নারীদের অংশগ্রহন নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- নারী ও শিশু স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | ঐ |
| ৯. | খ) দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা | দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের জন্য পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের রাজস্ব বাজেটে | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও প্যানেল মেয়র-২ জনাব মোঃ নজরুল ইসলাম বলেন, উক্ত কমিটির মাসিক সভাগুলো গত ১৫/০৭/১৮, ১৩/০৮/১৮, ১০/০৯/১৮ ইং | - পরবর্তী সময়েও দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | (PRAP) প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | ১,৯১,০০,০০০/- (রাজস্ব উপাংশ-১ বাজেটের ৫% এর অধিক) টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থবছরের PRAP পৌরপরিষদের অনুমোদন সহ PDP (পৌরসভা ডেভেলপমেন্ট প্লান) তে অন্তর্ভূক্ত করা হয়।<br>-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য খোদেজা আক্তার বলেন দরিদ্র নারীদের বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষনের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য ২০১৭-২০২২ সাল পর্যন্ত কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে যা গত TLCC সভায় অনুমোদন করা হয়েছে। এখন অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি সঠিকভাবে সম্পন্ন করা প্রয়োজন। GAP এর আওতায় পৌরসভার NGO প্রতিনিধি জনাব শামীমা চৌধুরী সভাকে বলেন নারী উন্নয়নে দরিদ্র নারীদের জেন্ডার এ্যাকশন প্লান (GAP) অনুযায়ী আয় বর্ধকমূলক প্রশিক্ষনের ব্যবস্থা করা প্রয়োজন। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছলেমা আক্তার মর্জিনা বলেন যে প্রশিক্ষনের পাশাপাশি আয়বর্ধক কাজের জন্য পৌরসভা থেকে আর্থিক সহায়তা প্রদান করা প্রয়োজন। | তারিখে অনাষ্ঠিত হয় । সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন এবং নিয়মিত PMU 'তে প্রেরণের কাজ চলমান রাখা হয়েছে।<br>- দারিদ্র নিরসন ও বস্তি বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহায়ক সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা, নির্বাহী প্রকৌশলী বলেন, অত্র পৌরসভার দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য বর্তমান পৌরপরিষদ কাজ করছে। এরই ধারাবাহিকতায় UGIIP-III প্রকল্পের নির্দেশনা মোতাবেক ৪ বছর মেয়াদী (২০১৮-২০১৯,২০১৯-২০২০,২০২০-২০২১,২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত) বিস্তারিত ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) প্রণয়ন করা হয়েছে যা ১৩/০৮/২০১৮ ইং তারিখে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় অনুমোদন করা হয়েছে। তিনি আরো বলেন,UGIIP-III প্রকল্পের নির্দেশনানুযায়ী অত্র পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব বাজেটে মোট ১,৯১,০০,০০০/-.বরাদ্দ রেখে দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) প্রণয়ন করা হয়েছে যা পরবর্তী অর্থ বছরে পর্যায়ক্রমে ৫% হারে বৃদ্ধিপ্রাপ্ত হবে। এখন প্রণয়নকৃত ৪ বছর মেয়াদী (২০১৮-২০১৯,২০১৯-২০২০,২০২০-২০২১,২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত) দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য এবং পৌরপরিষদ সভায় উপস্থাপনের জন্য অত্র নগর সমন্বয় কমিটির (TLCC) সভায় অনুমোদন প্রয়োজন।<br>- নগর সমন্বয় কমিটির (TLCC) এর সম্মানিত সদস্য ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহায়ক সদস্য( দরিদ্র শ্রেনীর প্রতিনিধি ) জনাব শামীমা চৌধুরী বলেন অত্র পৌরসভার দরিদ্র এলাকায় এখনও জলাবদ্ধতাসহ বিভিন্ন সমস্যা রয়েছে। PRAP এর আওতায় পর্যায়ক্রমে সমস্যাগুলো দূর করা প্রয়োজন। এবং দরিদ্র ব্যবসায়ীদের বাজারজাত করার জন্য মার্কেট প্রয়োজন। সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাব রোকেয়া হোসেন সভায় দরিদ্রদের কম্পিউটার প্রশিক্ষন প্রদানের ক্ষেত্রে পৌরসভায় যদি স্থায়ী একটি কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্রের ব্যবস্থা করা যেত তাহলে ব্যাপক জনগোষ্ঠীকে এ প্রশিক্ষনের আওতায় আনা যেত।তিনি পৌরসভার প্রণয়নকৃত দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) | উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী চলমান রাখার সিদ্ধান্ত হয়।<br>- দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম বলেন দারিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ৫% টাকা বরাদ্দ রাখা হয়েছে ।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMU তে প্রেরণ করা হয়েছে।<br>প্রণয়নকৃত ৪ বছর মেয়াদী (২০১৮-২০১৯,২০১৯-২০২০,২০২০-২০২১,২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত) দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) পৌর পরিষদের সভায় অনুমোদন করে PMU তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>- এ ব্যাপারে পৌরসভায় চলমান বিভিন্ন পকল্পের দাতা সংস্থাদেরকে প্রস্তাব প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়।<br>-দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা এবং জেন্ডারএ্যাকশন প্লান এর আওতায় | বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি / সচিব/ বস্তি উন্নয়ন কর্মকর্তা<br><br>ঐ |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | এবং জেন্ডার এ্যাকশন প্লান (GAP) এর আওতায় পৌরসভায় এক টি (১) কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র পরিচালনার প্রস্তাব করেন। | পৌরসভায় কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত নেয়া হয়। | |
| ১০. | গ)বস্তি উন্নয়ন কার্যক্রমের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) পরিচালনা | প্যানেল মেয়র-২ জনাব মোঃ নজরুল ইসলাম বলেন ময়মনসিংহ পৌরসভায় UGIIP-III প্রকল্প হতে অনুমোদন প্রাপ্ত ১০টি বস্তিতে প্রকল্প নির্দেশনা অনুযায়ী পরিবার জরিপ সম্পন্ন করে প্রাথমিক দল(PG), বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন ও কার্যক্রম সম্পন্ন হয়েছে। ফেরেদৌস আরা হেলেন সংশ্লিষ্টদের কাছে প্রস্তাব করেন বাস্তির উন্নয়ন কার্যক্রম যাতে শীঘ্রই শুরু হয়। | -জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা, নির্বাহী প্রকৌশলী বলেন, UGIIP-III প্রকল্প হতে অনুমোদন প্রাপ্ত ১০টি বস্তি উন্নয়ন কমিটি (SIC) তে প্রকল্প নির্দেশনা অনুযায়ী পৌরসভার দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) এর আওতায় কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) প্রস্তুত করা হয়েছে।<br>-পৌরসভার দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) মোতাবেক কার্যক্রম পরিচালিত অত্র পৌর এলাকার দারিদ্রতা অনেকাংশে হ্রাস পাবে। | - দারিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে SIC এর সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>-দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | দারিদ্র নিরসন ও বস্তি বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি / সচিব/ বস্তি উন্নয়ন কর্মকর্তা |

**ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১১. | ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | ২০১৫-২০১৬ অর্থবছরে রি-এসেসমেন্ট সম্পূর্ণ করা হয়েছে। প্রতি ৫ বছর পর পর রি-এসেসমেন্ট করার বাধ্যবাধকতা রয়েছে বিধায় আগামী ২০২০-২০২১ অর্থবছরে পরবর্তী রি-এসেসমেন্ট কার্যকর করা হবে।<br>২০১৭-১৮ অর্থ বছরের পৌরকরের মোট দাবী= ১৪০১৬৯৮১৫/-। এই দাবির বিপরীতে এপ্রিল-জুন/১৮ ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান (জুন/২০১৮ পর্যন্ত)= প্রায় ১৩ কোটি টাকা। আদায়ের হার প্রায় ৯৫%। এপ্রিল-জুন/১৮ ত্রৈমাসিকে ৫০টি হোল্ডিং এর অন্তবর্তী কর নির্ধারন করা হয়েছে। | ২০১৮-১৯ অর্থ বছরের পৌরকরের মোট দাবী= ১২৪১৮৭৭১৯/-।<br>এই দাবির বিপরীতে জুলাই-সেপ্টেম্বর/১৮ ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান প্রায় ৩,২৭,৬৩,৬৯৩/-টাকা । আদায়ের হার প্রায় ২৬%। | আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তর্বর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট কর আদায় শাখা থেকে গঠিত কমিটির মাধ্যমে ব্যবস্থা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে উক্ত কমিটির মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং করে পৌর কর আদায় চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং অগ্রগতি TLCC সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| ১২. | খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যাতীত) | পৌরসভার আওতায় হাটের ইজারা যথাযথ আইন অনুযায়ী দেওয়া হয়েছে।<br>কর-বহির্ভুত রাজস্ব আদায় মূল্য বৃদ্ধির হারের সাথে সাথে আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।<br>TLCC এর সদস্য জনাব নূরুল আমিন কালাম (নাগরিক সমাজের প্রতিনিধি) বলেন পৌরসভার সামগ্রীক ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আয়-ব্যয়ের সামঞ্জস্য রাখার জন্য পৌরসভার দোকান ভাড়াসহ সকল আয় বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করেন।<br>পৌর মার্কেট নির্মান করা হচ্ছে সেই মার্কেটের দোকান ভাড়া বৃদ্ধিসহ মহিলাদের দোকান বরাদ্দ দেওয়ার বিষয়ে পারামর্শ দেন। | - পৌরসভার আওতায় হাটের ইজারা যথাযথ আইন অনুযায়ী দেওয়া হয়েছে।<br>কর-বহির্ভুত রাজস্ব আদায় মূল্য বৃদ্ধির হারের সাথে সাথে আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।<br>TLCC এর সদস্য নাগরিক আন্দোলনের সম্পাদক জনাব নুরুল আমিন কালাম (নাগরিক সমাজের প্রতিনিধি) বলেন পৌরসভার সামগ্রীক ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আয়-ব্যয়ের সামঞ্জস্য রাখার জন্য পৌরসভার দোকান ভাড়াসহ সকল আয় বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করেন।<br>- তিনি আরো বলেন,বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে দোকান ভাড়া বৃদ্ধিসহ বকেয়া ও চলতি দোকান ভাড়া নির্ধারনের প্রস্তাব দেন।<br>- ফেরদৌস আরা মাহমুদা হেলেন পৌর মার্কেটে মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ দেওয়ার বিষয়ে প্রস্তাব রাখেন। | - সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করে পৌরসভার আওতাধীন বকেয়া দোকান ঘরের ভাড়া আদায়ের জন্য পৌরসভার সচিবকে নির্দেশ দেন এবং কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে দোকান ভাড়া বৃদ্ধিসহ বকেয়া ও চলতি দোকান ভাড়া আদায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নব নির্মিত পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে মহিলাদের অগ্রাধিকার দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |
| ১৩. | গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রাখা হয়েছে এবং গ্রাহকের বাড়ি বিল যথাসময়ে পৌছানোর কাজ চলমান রাখা হয়েছে ।<br>এপ্রিল-জুন/১৮ ত্রৈমাসিকে ২৯৫৯৯টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে।<br>-মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তত করে পৌরপরিষদে উপস্থাপন ও PMU তে প্রেরণ করা হয়েছে । | কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে।<br>জুলাই-সেপ্টেম্বর/১৮ ত্রৈমাসিকের বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি গিয়ে বিল যথাসময়ে পৌছানোর কাজ সমাপ্ত হয়েছে।<br>জুলাই-সেপ্টেম্বর/১৮ ইং ত্রৈমাসিকে ২৯৬৪৬ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে।<br>২০১৮-১৯ অর্থবছরে সরকারী-বেসরকারী পৌরকরের মোট দাবী = ১২,৪১,৮৭৭১৯/- জুলাই-সেপ্টেম্বর/১৮ ইং কোয়ার্টার পর্যন্ত সরকারী ও বেসরকারী মোট আদায়ের পরিমান প্রায় ৩ কোটি টাকা। যাহা মোট বাৎসরিক দাবীর তুলনায় প্রায় ২৫%।<br>TLCC এর সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল কাসেম পৌরকর আদায়ে সন্তোষ প্রকাশ করেন এবং কর আদায়ের এই ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারীদের সচেতন হওয়ার জন্য পরামর্শ দেন। | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৪. | ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। ময়মনসিংহ পৌরসভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ২,১৪,০৯,৮০৭/-টাকা। জুন/১৮ মাসে ৭৭৫৫টি পানির বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে। জুন-২০১৮ইং পর্যন্ত পানি শাখার আদায়ের পরিমান= ১কোটি ৭১ লক্ষ টাকা প্রায় এবং আদায়ের হার প্রায় ৮০ %।<br><br>-প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে। | ময়মনসিংহ পৌরসভায় ২০১৮-২০১৯ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ৭৭,৫৫,৩১৪/- টাকা। জুলাই-সেপ্টেম্বর/১৮ পর্যন্ত৭৮০০টি পানির বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে।<br>পানির বিল আদায়ের হার বৃদ্ধি অব্যাহত রাখার জন্য মাইকিং করা, টিম গঠন করে পানির বিল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোচনা করেন। বকেয়া পানির বিল আদায়ের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহনের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | পানির সমস্ত বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ বকেয়া গ্রাহকের বাসার সামনে লাল পোষ্টার লাগানোসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী(পানি সরবরাহ শাখা) |

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৫. | ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)<br><br>খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং | ময়মনসিংহ পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব অসীম কুমার সাহা সভায় জানান অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক বাজেট যথা সময়ে প্রণয়ন করা হয়েছে যাহা TLCC কর্তৃক অনুমোদিত। তিনি আরও জানান যে অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার ২০১৬-১৭ অর্থ বছরের হিসাবের অডিট যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।<br><br>কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থার প্রবর্তণ | ময়মনসিংহ পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব অসীম কুমার সাহা সভায় জানান অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক বাজেট যথা সময়ে প্রণয়ন করা হয়েছে যাহা TLCC ও পৌরপরিষদ কর্তৃক অনুমোদিত। তিনি আরও জানান যে অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের হিসাবের অডিট যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।<br>-হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব অসীম কুমার সাহা সভায় জানান যে,<br>জুলাই-সেপ্টেম্বর/১৮ পর্যন্ত কম্পিউটারাইজড | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ভবিষ্যতেও পৌরসভার বার্ষিক বাজেট যথাসময়ে প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ভবিষ্যতেও হিসাবের নিয়মিত অডিট সম্পন্ন করা এবং নিরীক্ষা প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিস্ট কমিটির সভাপতি / সচিব / হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | /চলমান রাখা হয়েছে ।জুন/২০১৮ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র পৌরপরিষদ সভায় উপস্থাপন এবং PMU তে প্রেরণ করা করা হয়েছে। | হিসাব প্রতিবেদন সম্পন্ন হয়েছে। প্রতি কোয়ার্টারে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন পৌরপরিষদ -এর সভায় উপস্থাপন করা এবং PMU তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | জুলাই-সেপ্টেম্বর/১৮ পর্যন্ত কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন পৌরপরিষদ সভায় উপস্থাপন এবং PMU তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৬. | খ) হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরের অভ্যন্তরীন নিরিক্ষা প্রতিবেদনের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন | হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ভবিষ্যতেও হিসাবের নিয়মিত অডিট সম্পন্ন করা এবং নিরীক্ষা প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত | ময়মনসিংহ পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব অসীম কুমার সাহা সভায় ২০১৭-১৮ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন ।তিনি সভায় জানান যে,গত ০৩/০৯/২০১৮ হতে ১৬/০৯/১৮ পর্যন্ত সময়ে এই নিরীক্ষা কার্য পরিচালনা করা হয় ।উপস্থাপিত অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেনের উপর সভায় উপস্থাপিত সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। এবং নিরীক্ষা কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | - হিসাব ও নিরীক্ষা কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিস্ট কমিটির সভাপতি / হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৭. | গ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | বিদ্যুৎ ও টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ.কে.এম তারিকুল আলম বলেন ,বকেয়া বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ করা হয়েছে এবং পরবর্তিতেও এ কার্যক্রম চলমান রাখার জন্য সিদ্ধান্ত হয় । | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৯. | ঘ)স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, | ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, | পৌরসভার সচিব জনাব আব্দুল হালিম জানান , পৌর এলাকায় অবস্থানরত স্থায়ী সম্পদের তথ্যসমূহ নিয়মিতভাবে রেজিস্টারে লিপিবদ্ধকরন কার্যক্রম | পরবর্তীতেও স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহের তথ্য নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত | সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | অব্যাহত রাখা হয়েছে। | গৃহিত হয়। | |
| ২০. | ঙ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | **BMDF** নিকট থেকে ২০১৫-১৬ আর্থবছরে ২,০৬,৭৫,১৪৬/= টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল, যা সুদ সহ পরিশোধ যোগ্য মোট ঋণের পরিমান ২,৬৪,৯০,০৩১/- উক্ত ঋনের টাকা ৩৬ কিস্তিতে পরিশোধ করাতে হবে। যার বিপরিতে জুন/১৮ইং পর্যন্ত ৬টি কিস্তিতে ৫৯,৩৭,৪৯৯/-পরিশোধিত হয়েছে। | ময়মনসিংহ পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব অসীম কুমার সাহা সভায় **BMDF** নিকট থেকে ২০১৫-১৬ আর্থবছরে ২,০৬,৭৫,১৪৬/= টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল, যা সুদ সহ পরিশোধ যোগ্য মোট ঋণের পরিমান ২,৬৪,৯০,০৩১/- উক্ত ঋনের টাকা ৩৬ কিস্তিতে পরিশোধ করাতে হবে। যার বিপরিতে সেপ্টেম্বর/১৮ইং পর্যন্ত ৭টি কিস্তিতে ৬৭,২৭,১৭৫/-পরিশোধিত হয়েছে। | **BMDF** নিকট থেকে ২০১৫-১৬ আর্থবছরে ২,০৬,৭৫,১৪৬/= টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল, যা সুদ সহ পরিশোধ যোগ্য মোট ঋণের পরিমান ২,৬৪,৯০,০৩১/- । সেপ্টেম্বর /২০১৮ইং পর্যন্ত মোট ৬৭,২৭,১৭৫/-টাকা পরিশোধ করা হয়েছে।<br>অবশিষ্ট ২৯টি কিস্তির টাকা শর্তানুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধ করা হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা। |

## ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২১. | ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | সকল স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে কারার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে । | অত্র পৌরসভায় ২২টি স্থায়ী কমিটি রয়েছে। উক্ত স্থায়ী কমিটিগুলোর নিয়মিতভাবে মাসিক সভা সম্পন্ন করে সভা সমূহের কার্যবিবরনী তৈরী করা এবং বিষয়টি চলমান রাখার বিষয়ে আলোচনা করা হয়। | - সকল স্থায়ী কমিটির সভাসমূহ সুনিদিস্ট তারিখ ও সময়ের মাধ্যে অনুষ্ঠিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব |
| ২২. | খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | - নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদেরকে ও সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির অন্যান্য সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | -পূর্ববর্তী সিদ্ধান্তের প্রেক্ষিতে পৌর নাগরিকদের সেবার মান বৃদ্ধির জন্য যে সকল শাখায় লোক বলের অভাব রয়েছে সেসব শাখায় মাষ্টার রোলে অথবা অন্য শাখা থেকে স্থানান্তর করে কর্মী বাড়িয়ে তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের প্রদানের প্রস্তাব করা হয়। | নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদেরকে ও সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব / এসডিও |
| ২৩. | গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ IT ব্যবহার | ট্রেড লাইসেন্স সফটওয়ার চালু রয়েছে এবং কাজ চলমান আছে। অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান রয়েছে। বর্তমানে এই | -ময়মনসিংহ পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, পৌরনভার সেবার মান বৃদ্ধি এবং জনগন যাতে সহজেই সেবা পেতে পারে তার জন্য পৌরসভার | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন একটি চলমান প্রক্রিয়া অব্যাহত ও পৌরসভার ওয়েবসাইট আপডেট রাখার কাজ চলমান রাখার সিদ্ধান্ত হয়। | নির্বাহী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। ময়মনসিংহ পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ: www.mymensinghmunicipality.gov.bd | অধিকাংশ সেকশনের কার্যক্রম ডিজটালাইজড করা হয়েছে।ট্রেড লাইসেন্স সফটওয়ার চালু , অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান রয়েছে। -পৌরওয়েবসাইটে (www.mymensinghmunicipality.gov.bd ) অভিযোগ প্রদানের জন্য অভিযোগ পেনেল খোলা হয়েছে।যার মাধ্যমে অভিযোগ দ্রত নিস্পত্তি করা সম্ভব হচ্ছে। | | প্রকৌশলী |

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (**Keeping Essential Pourashava Services Functional**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৪. | ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত হয়।<br><br>TLCC অধিকাংসশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তুষ্ঠি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।রাত্রী কালিন বর্জ্য ব্যবস্থাপনা একটি অত্যন্ত উত্তম উদ্যোগ। বর্জ্য ব্যবস্থাপনায় আরও জন সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। এখনও দেখা যায় অনেকে রাস্তায় যসব এলাকায় ময়লা ফেলে পরিবেশ নষ্ট করছে, এদিকে আরও বেশী নজর দিতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ.কে.এম. তারিকুল আলম জানান বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে ১ লা জানুয়ারী'২০১৮ খ্রিঃ হতে রাত্রী কালীন বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা কার্যক্রম চালু করা হয়েছিল তা এখনও চলমান রয়েছে। এ কার্যক্রম যাতে আরো সফলভাবে বাস্তবায়ন করা যায় তার জন্য গত ২/৭/২০১৮ ইং তারিখে বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার বিষয়ে কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণের জন্য পৌর রাজস্ব বাজেটে মোট ৫১৫০০০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ থেকে ১৩২৭৮৩২/- জুলাই১৮-সেপ্টেম্বর ব্যায় করা হয়েছে। UGIIP-III প্রকল্পের নির্দেশনানুযায়ী জানান অফিস হতে সরবরাহকৃত ছকের মাধ্যমে TLCC এর সন্তুষ্টির মাত্রা যাচাই করেন।হয়েছে। এটির মূল্যায়নের ভিত্তিতে দেখা যায় যে, ড্রেন পরিস্কার , ও রক্ষনাতেক্ষনে TLCC এর সন্তুষ্টির মাত্রা ৯২ শতাংশ । | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ন ব্যবস্থা গ্রহনে আরো গনসংযোগ বাড়ানোর উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-TLCC এর সন্তুষ্টির মাত্রা যাচাই এর মাধ্যমে মানদন্ড নির্নয়ের সিদ্ধান্ত নেয়া হয়।<br>-প্রস্তুতকৃত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার কর্ম-পরিকল্পনাটি PMU তে প্রেরণ করার জন্য সিদ্ধন্ত নেয়া হয়। | মেডিকেল অফিসার |
| ২৫. | খ) ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ | ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে সেবার মান বৃদ্ধি করে সন্তুষ্টির মাত্রা বৃদ্ধি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। রাত্রী | - প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ.কে.এম. তারিকুল আলম জানান ১ লা জানুয়ারী'২০১৮ খ্রিঃ হতে রাত্রী কালীন বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা কার্যক্রম চালু করা হয়েছিল তা এখনও চলমান | -পরবর্তীতেও ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন সুষ্ঠুভাবে | মেডিকেল অফিসার |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | কালীন বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা কার্যক্রম চালু করা হয়েছিল তা এখনও চলমান রয়েছে।<br>- TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তুষ্ঠি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | রয়েছে। এ কার্যক্রম যাতে আরো সফলভাবে বাস্তবায়ন করা যায় তার জন্য গত ২/৭/২০১৮ ইং তারিখে বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার বিষয়ে কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণের জন্য পৌর রাজস্ব বাজেটে মোট ৪,১০,০০০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ থেকে জুলাই১৮-সেপ্টেম্বর ৪৪০১৬৫০/- ব্যায় করা হয়েছে। অফিস হতে সরবরাহকৃত ছকের মাধ্যমে TLCC এর সন্তুষ্টির মাত্রা যাচাই করা হয়েছে। এটির মূল্যায়নের ভিত্তিতে দেখা যায় যে, ড্রেন পরিস্কার , ও রক্ষনাতেক্ষনে TLCC এর সন্তুষ্টির মাত্রা ৯২ শতাংশ ।<br>-নাগরিক আন্দোলনের সম্পাদক নুরুল আমিন কালাম বলেন, বর্তমানে ময়মনসিংহ পৌরসভার চলমান মহা পরিকল্পনার আওতায় যে পাইপ ড্রেন নির্মান করা হচ্ছে তা সম্পন্ন হলে এ শহরের জলাবদ্ধতা অরেকাংশে দুর হবে। এর সুফল পেতে পূর্বে নির্মানাধীন সরু/ছোট ড্রেনগুলো যদি আরো প্রশস্ত ও সংস্কার করা যেত তাহলে শহরের পানি নেমে যেতে সহজ হতো। | পরিচালনার কাজ চলমান রাখার সিদ্ধন্ত নেয় হয়।<br>সরু/ছোট ড্রেনগুলো আরো প্রশস্ত ও সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়। | নির্বাহী প্রকৌশলী / মেডিকেল অফিসার |
| ২৬. | গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | সড়ক বাতি পর্যায়ক্রমে কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যকর করা হবে।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তুষ্ঠি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | সড়ক বাতি কার্যকর রাখার ব্যপারে নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা বলেন, ময়মনসিংহ পৌরসভায় নিয়মিত সড়ক বাতি সচল রাখার জন্য মনিটরিং এর ব্যবস্থা রাখা হয়েছে। ভবিষ্যতেও কার্যক্রম অব্যাহত রাখা হবে । | পরবর্তী সময়েও সড়ক বাতি কার্যকর রাখার ব্যপারে সিদ্ধান্ত নেয়া হয়। | নির্বাহী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী বিদ্যুৎ |
| ২৭. | ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারিকরণ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং ময়মনসিংহ পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকর | পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, পৌরসভার মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার রাজস্ব বাজেটে ৫০০০০০/- অর্থ বরাদ্দ রাখা হয়েছে। সে মোতাবেক গত ২/০৭/১৮ ইং তারিখে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা, প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে।সেপ্টেম্বর/১৮ পর্যন্ত এর আওতায় ২১৫০২৮/-ব্যয় করা হয়েছে। | ভবিষ্যতেও পৌরসভার মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা অনুয়ায়ী করার সিদ্ধান্ত নেয়া হয়। | নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | রাখায় পৌরসভার প্রতি সন্তুষ্ঠি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | | | |
| ২৮. | ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল শৌচাগার, কমিউনিটি ভিত্তিক পাবলিক টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা পৌরসভার প্রতি সন্তুষ্ঠি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল শৌচাগার, কমিউনিটি ভিত্তিক পাবলিক টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের কাজ চলমান রাখার সিদ্ধান্ত নেয়া হয়। | মেডিকের অফিসার |

আলোচ্যসূচী - ৪ বিবিধ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যাক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | পৌরসভার রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা | পৌরসভার রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা চালু রাখার ব্যাপারে সিদ্ধান্ত হয়।<br><br>রাত্রে বর্জ্য সংগ্রহ করায় এটি মানুষের ভোগান্তি কমিয়েছে অন্য দিকে যানজট অনেকটা নিরসন হবে। রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা হওয়াতে আমরা নগরবাসী অত্যন্ত আনন্দিত। এ বিষয়ে সকল সম্মানিত সদস্য মেয়র মহোদয়কে আমরা সবাই ধন্যবাদ জানায়। | -সভাপতি বিবিধ আলোচনায় অংশ গ্রহন করার আহবান জানালে আলোচনায় অংশগ্রহন করেন সম্মানিত সদস্য জনাব এ্যাড.আবুল কাশেম পেশাজীবী প্রতিনিধি(আইনজীবী)। তিনি পৌরসভার রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে বলেন, রাত্রে বর্জ্য সংগ্রহ করায় এটি মানুষের ভোগান্তি কমিয়েছে অন্য দিকে যানজট অনেকটা নিরসন হবে। রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা হওয়াতে আমরা নগরবাসী অত্যন্ত আনন্দিত। এ বিষয়ে মেয়র মহোদয়কে আমরা সবাই ধন্যবাদ জানাই।<br>- নাগরিক সমাজের প্রতিনিধি (মহিলা) জনাব ফেরদৌস আরা মাহমুদা হেলেন বলেন এ ব্যাপারে আরো সুফল পেতে জনগনের সহোযোগিতা প্রয়োজন।এ ক্ষেত্রে জনসচেতনতা বাড়াতে হবে।<br>ময়মনসিংহ পৌরসভা কর্তৃক প্রদানকৃত সেবা সমূহের সন্তুষ্টির মান যাচাইয়ের জন্য প্রকল্প অফিস কর্তৃক প্রেরিত ছকের মাধ্যমে পৌরসভার সেবা সমূহের সন্তুষ্টির মান যাচাই করা হয়েছে। | পৌরসভার রাত্রিকালীন বর্জ্য ব্যবস্থাপনা চলমান রাখার ব্যাপারে সিদ্ধান্ত হয়।<br><br>এ ব্যাপারে জনগনকে উৎসাহ প্রদানমূলক কার্যক্রম হাতে নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। | মেডিকেল অফিসার/সেনেটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |
| ২ | পৌরসভার উন্নয়ন বিষয়ে আলোচনা | পীরসভার নিজস্ব অর্থায়নে গোরস্থান এর উন্নয়ন কাজ করা হয়েছে, মসজিদ , মন্দিরের সংস্কার করা হয়েছে, পৌরসভার অফিস ভবনে মহিলাদের জন্য আলাদা নামাজ ঘর ও নারী তথ্য সেবা কেন্দ্রের ব্যবস্থা করা | -ময়মনসিংহ পৌরসভার উন্নয়ন বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ.কে.এম. তারিকুল আলম জানান পৌরসভার নিজস্ব অর্থায়নে বিভিন্ন ধর্মীয়,সামাজিক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া বিভিন্ন প্রধান সড়কের চত্বরে সৌন্দর্য বর্ধনের কাজগুলো চলমান রয়েছে। | উন্নয়নমূলক কাজ চালু রাখার ব্যাপারে সিদ্ধান্ত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | হয়েছে। বিভিন্ন প্রধান সড়কের চত্ত্বরে সৌন্দর্য বর্ধন করা হয়েছে। | | | |

এছাড়া জনাব ইসমত আরা বানু, কাউন্সিলর সংলক্ষিত আসন, ওয়ার্ড নং-১৯,২০,২১ ও প্যানেল মেয়র-০৩; জনাব রোখসানা পারভীন কাজল, কাউন্সিলর সংরক্ষিত আসন-ওয়ার্ড নং-১৬,১৭,১৮; জনাব নুরু আমিন কালাম, নাগরিক আন্দোলনের সাধারন সম্পদক, জনাব অধ্যাপিকা লিলা রায়, নাগরিক সমাজের প্রতিনিধি (মহিলা); জনাব শামীমা চৌধুরী, NGO প্রতিনিধি; জনাব শিশির কুমার রায় NGO প্রতিনিধি; মো আজাহার আলী, টিম লিডার ,জিআইসিডি-২ ইউজিপ -৩ প্রকল্প, ; জনাব জাহান আরা খানম, পেশাজীবী প্রতিনিধি(শিক্ষক); ও অন্যান্য সদস্যবৃন্দ টিএলসিসি এর আলোচনা সভায় অংশগ্রহন করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন, এগিয়ে যাবে ময়মনসিংহ পৌরসভা এই আশাবাদ ব্যক্ত করে সকলের সুস্বাস্থ্য ও মঙ্গ কামনা করে সভা সমাপ্তি ঘোষনা করেন।

২০.৯.২৪

(এ.কে.এম. তারিকুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ
ও
সদস্য সচিব
নগর সমন্বয় কমিটি(TLCC),
ময়মনসিংহ পৌরসভা।

(মোঃ নজরুল ইসলাম)
প্যানেল মেয়র-২
ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ
ও
সভাপতি
নগর সমন্বয় কমিটি(TLCC),
ময়মনসিংহ পৌরসভা।